

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট  
সরকারী কার্য ভবন-১, অত্রাবাদ, চট্টগ্রাম।  
Website: www.chittagongvat.gov.bd

পত্র নথি নং- ২য়/১৪-ইটি/(ব্যক্তি)/১২/ ২০১৬২

তারিখ : ২৫/০৬/২০১৮ খ্রিঃ।

প্রেরক : কমিশনার।

প্রাপক : চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড,  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা,  
ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : জনাব লতিফুল কবির, সহকারী রাজস্ব কর্মকর্তা, এর কর্মস্থলে অনুপস্থিতি অবগতি।

সূত্র : ০১। জাঃ রাঃ বোঃ এর প্রজ্ঞাপন নং-২(১)শঃভঃপ্রঃ-৩/২০১২(অঃশঃ-৪)/১০৩, তারিখ : ১৫/০৩/২০১৮ খ্রিঃ।

০২। অত্র দপ্তরের পত্র নথি নংঃ ২য়/১৪-ইটি/ব্যক্তি/২০১২/০৬(১-২), তারিখ : ১০/০৪/২০১৮ খ্রিঃ।

০৩। অত্র দপ্তরের পত্র নথি নংঃ ২য়/১৪-ইটি/ব্যক্তি/২০১২/২৩৪৮, তারিখ : ১৭/০৫/২০১৮ খ্রিঃ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সানুগ্রহ দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জনাব লতিফুল কবির, সহকারী রাজস্ব কর্মকর্তা, সূত্রোক্ত ০১ নং পত্রের মাধ্যমে গত ১৮/০৩/২০১৮ খ্রিঃ তারিখ সহকারী রাজস্ব কর্মকর্তা পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে অত্র কমিশনারেট এ যোগদান করেন। কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে গত ২২/০৩/২০১৮ খ্রিঃ তারিখ হতে ০৭ (সাত) দিন নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা হয়। কিন্তু উক্ত কর্মকর্তা ছুটি পরবর্তী কর্মস্থলে যোগদান হতে বিরত রয়েছেন। অনুপস্থিতির কারণ ব্যাখ্যা চেয়ে সূত্রোক্ত ০২ নং পত্রের মাধ্যমে কর্মকর্তার বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হয়। বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি ডাকবিভাগ হতে এ দপ্তরে ফেরত আসে (কপি সংযুক্ত)।

০২। পুনরায় সূত্রোক্ত ০৩ নং পত্রের বিপরীতে অনুপস্থিতির কারণ ব্যাখ্যা চেয়ে কর্মকর্তার বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হয়। বর্তমান ঠিকানায় প্রেরিত পত্রটি গত ০৯/০৬/২০১৮ খ্রিঃ তারিখ এবং স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি গত ১০/০৬/২০১৮ খ্রিঃ তারিখ ডাকযোগে দ্বিতীয় বার ফেরত আসে (কপি সংযুক্ত)। এরূপভাবে উক্ত কর্মকর্তা কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ না করে গত ০১/০৪/২০১৮ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

০৩। এমতাবস্থায়, মহোদয় সমীপে জনাব লতিফুল কবির, সহকারী রাজস্ব কর্মকর্তা, এর বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ১১ (এগার) পাতা।

আপনার বিশ্বস্ত,

(সৈয়দ গোলাম কিবরীয়া)  
কমিশনার

ফোন নং- ০৩১-২৫২৪০৩৭

ccevatctg@gmail.com

তারিখ : ২৫/০৬/২০১৮ খ্রিঃ।

পত্র নথি নং- ২য়/১৪-ইটি/(ব্যক্তি)/১২/ ২০১৬২ (২-৬)

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

০১। দ্বিতীয় সচিব (শঃভঃপ্রঃ-০৩), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০২। জনাব লতিফুল কবির, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।

০৩। পি. এ টু কমিশনার/অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনার (কমিশনার/অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। অফিস কপি/গার্ড ফাইল/ব্যক্তিগত নথি।

(মোঃ শাহাদাত জামিল)

উপ কমিশনার

ফোন : ০৩১-৭২৩১৩৩

secstabvatctg@gmail.com